

যায়যায়দিন

তারিখ 1. APR. 2012
পৃষ্ঠা ২

আহতরা হলেন- ফাতেমা (২১), মারজাহান (২২), রানী (২০), আব্বাস (২০), রমজান (২৫), মাহমুদ (৩০), জামলিয়া (২৩) ও নারী (২১) তারা সবাই নগরীর টায়ার ফাইন পার্শ্বের প্রমিক।

লাল বাগান মার্কার লাঠি নিয়ে জমি হুমল করুন
নোয়াবালীতে মন্ত্রক আহসান গ্রীন নোয়াবালী প্রতিনিধি বাংলাদেশের কমিউনিস্ট পার্টির (সিপিবি) সভাপতি মন্ত্রক আহসান খান বলেছেন, দেশের হাজার হাজার একর বাসজমি বড়লোকেরা লুটপাট করে যাচ্ছে। আর কেত মজুররা যখন জমি নিতে যায়, তখন তাদের গুলি করে হত্যা করা হয়। দেশে এখন ভূমিসমূহ হাচ্ছে সবচেয়ে বড় শক্তিশালী। সরকার, আইন-আদালত কোনো কিছুই এ দস্যুদের স্পর্শ করে না।

পরীক্ষা : এইচএসসি

(প্রথম পৃষ্ঠার পর)
নামের আকবে। সূজনশীল রচনামূলক অংশ দুই ফটা ১০ মিনিট, উত্তরপত্র গ্রহণ ও ওএমআর বিতরণের জন্য ১০ মিনিট এবং বহু নির্বাচনী ৪০ মিনিট সময় বরাদ্দ করা হয়েছে। শিক্ষার্থী সকল ইসলাম নাবিদ পরীক্ষা চলাকালীন ঢাকা কলেজ পরীক্ষা কেন্দ্রে পরিদর্শন করবেন বলে শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে।
এদিকে তুয়া শিক্ষার্থী নিবন্ধন দেখিয়ে আবেদন পূরণ করায় সিটি রয়েল কলেজ এবং ঢাকা মহাজল কলেজের পরীক্ষার্থীদের প্রবেশপত্র দেয়নি বোর্ড। শিক্ষাপ্রতিষ্ঠানগুলো হাইকোর্টে বোর্ডের সিদ্ধান্তের বিরুদ্ধে রিট করে। এই রিটে বোর্ডের পক্ষে রায় দেন আদালত। সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর পরীক্ষার্থীরা মিনভর বোর্ডের সামনে বিকোড করে। বোর্ডে সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর অধ্যক্ষদের ধরে রাখা হয়। রিপোর্ট লেখা পর্যন্ত প্রত্যক্ষার অভিযোগে সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর প্রধানদের বিরুদ্ধে চকবাজার থানায় একটি সাধারণ ডায়েরি করার প্রস্তুতি চলছিল।
প্রবেশপত্র নিয়ে জটিলতা সামাল দিতে শনিবার ছুটির দিনেও ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড পুরোদমে ব্যস্ত ছিল। জল প্রবেশপত্র পাঠানো এবং প্রবেশপত্র হাতে না পাওয়া শিক্ষার্থীরা ও অভিভাবকরা বোর্ডে ভিড় জমান। প্রবেশপত্র পায়নি অথবা ভুল হয়েছে এমনরা টালী সরকারি কলেজ, জামলপুরের সরকারি জাশেক মাহমুদ কলেজ, রাজধানীর সিএপিডি কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, ঢাকা কলেজ, নারায়ণগঞ্জের সরকারি জেলাসরম কলেজ, নরসিংদীর আবদুল মজান উইয়া ডিগ্রি কলেজ অন্যতম।
বোর্ড সূত্রে জানা গেছে, ঢাকা শিক্ষা বোর্ডে প্রথমবারের মতো একর এইচএসসি পরীক্ষার আবেদন ফরম অনলাইনে পূরণ করা হয়েছে। প্রথমবারের মতো অনলাইনে আবেদন ফরম পূরণ করায় প্রবেশপত্র ভুল হয়েছে। গত ডিসেম্বরে অনলাইনে আবেদন একশ শেষ হয়। তবে বিত্তীয় দফা ৮ থেকে ১০ জানুয়ারি পর্যন্ত আবারো আবেদনের সুযোগ দেয়া হয়। বোর্ডের চুক্তিজোগী কয়েকজন পরীক্ষার্থী জানান, সব বিষয়ের পরীক্ষার জন্য আবেদন ফরম পূরণ করলেও তারা হতে শেয়েছে এক বিষয়ে পরীক্ষার দেয়ার প্রবেশপত্র। আবার ব্যবসায় শিক্ষা শ্রমের পরীক্ষার্থী শেয়েছেন মানবিক বিভাগের প্রবেশপত্র।
এ প্রসঙ্গে আগের শিক্ষা বোর্ডের কার্যকর ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ফরিহা বাতুন যায়যায়দিনকে বলেন, কলেজের অধ্যক্ষদের জল ও শিক্ষার্থীদের অবহেলার কারণে অনেক শিক্ষার্থীরা প্রবেশপত্র পায়নি। তবে ছুটির দিনগুলোর মধ্যে জানি-জানই করে সব পরীক্ষার্থীকে প্রবেশপত্র প্রদান করার ব্যবস্থা করা হয়েছে বলে তিনি জানান। বোর্ডের সামনে বিকোড প্রসঙ্গে তিনি বলেন, তুয়া শিক্ষার্থী নিবন্ধন দেখিয়ে পরীক্ষার আবেদন পূরণ করায় সিটি রয়েল কলেজ এবং ঢাকা পাবলিক কলেজের পরীক্ষার্থীদের প্রবেশপত্র দেয়নি বোর্ড। শিক্ষাপ্রতিষ্ঠানগুলো হাইকোর্টে বোর্ডের সিদ্ধান্তের বিরুদ্ধে রিট করে। এই রিটে বোর্ডের পক্ষে রায় দেন আদালত। প্রত্যক্ষার অভিযোগে সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর প্রধানদের বিরুদ্ধে চকবাজার থানায় একটি সাধারণ ডায়েরি করা হবে বলে তিনি জানান।
শিক্ষা মন্ত্রণালয় ও বিভিন্ন শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে, এবারো সাত হাজার ৫৫৬টি শিক্ষাপ্রতিষ্ঠানের নয় লাখ ২৬ হাজার ৮১৪ জন শিক্ষার্থী পরীক্ষা দিচ্ছে। এরমধ্যে ছাত্র চার লাখ ৯৬ হাজার ৩৯৫ জন এবং ছাত্রী চার লাখ ৩০ হাজার ৪১৯ জন। গড়বারের তুলনায় এবার এক লাখ ৪৭ হাজার ৩৭৩ জন বেশি শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করছে। ২০১১ সালের পরীক্ষায় সাত লাখ ৭৯ হাজার ৪৪১ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। সারা দেশে মোট দুই হাজার ১৯৬টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে এ বছর পঁচাত্তি বিদেশ কেন্দ্র থেকে ১৮২ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। এরমধ্যে বাংলাদেশ কমিউনিস্ট ফ্রন্ট আন্ড কলেজ লিবিয়ার ট্রিপলি ঢাকা বোর্ডে এবার ৮৫৬টি শিক্ষা থেকে ৩০৩টি কেন্দ্রে দুই লাখ ৩৫ হাজার ৭২০ জন, রাজশাহীতে ৬৪১ শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ১৭০টি কেন্দ্রে এক লাখ ৬ হাজার ৮০০, কুমিল্লাতে ২৯৫ শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ১৪৬টি কেন্দ্রে ৭৮ হাজার ৮২৩, যশোরের ৫০৪ শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ১৯২টি কেন্দ্রে এক লাখ সাত হাজার ৩৮০, চট্টগ্রামে ১৯২টি শিক্ষাপ্রতিষ্ঠানের ৮৮টি কেন্দ্রে ৫৪ হাজার ৪৫৩, বরিশালে ২৫৭ শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ৮১টি কেন্দ্রে ৪২ হাজার ৬৮৩, সিলেটে ১৫৯ শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ৬৭টি কেন্দ্রে ৩৭ হাজার ৭৪৩ জন এবং দিনাজপুরের ৫০৪ শিক্ষা প্রতিষ্ঠান থেকে ১৬৬ কেন্দ্রে ৮৭ হাজার ১৮৩ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে। এছাড়া মন্ত্রণা শিক্ষা বোর্ডের অধীনে অসিম পরীক্ষায় ৩৯২টি পরীক্ষা কেন্দ্রে দুই হাজার ৬৪৮ শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ৮৫ হাজার ২২৬ শিক্ষার্থী অংশগ্রহণ করবে। এরমধ্যে ছাত্র রয়েছে ৩৯ হাজার ২০৭ এবং ছাত্রী ৩৬ হাজার ১৯ জন। কারিগরি শিক্ষা বোর্ডের এইচএসসি (বিএম/জেক) এক হাজার ৪৭৩ শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ৫৭০টি কেন্দ্রে ৮৬ হাজার ৪১৫ জন অংশগ্রহণ করবে। এরমধ্যে ছাত্র রয়েছে ৫৮ হাজার ৩৬৫ এবং ছাত্রী ২৮ হাজার ৫০ জন। ডিআইবিএসের ১৮টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ১৮টি কেন্দ্রে চার হাজার ৩২১ জন শিক্ষার্থী অংশ নিচ্ছে।